বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫, কাওরানবাজার, ঢাকা।
www.brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫১২.১৮.০৭৪.১২.৬৬৮৭ তারিখ: ১৮/০৭/২০১৯ খ্রি:

বিষয়: **সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক) এর কু-ঋণ নীতিমালা প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে বাংলাদেশ পল্লী উন্নয়ন কোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি (সদাবিক) এর ১২/০২/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নীতি নির্ধারণী কমিটির সভায় সদাবিক এর কু-ঋণ নীতিমালা অনুমোদিত হয়েছে। নীতিমালাটি নিম্নরুপঃ

**১। কু-ঋণ এর সংজ্ঞা:**

জীবন ও জীবিকার উপর অনিবার্য.অভিঘাতের কারণে ঋণ পরিশোধে অক্ষম এবং যুক্তিযুক্ত সময় অতিক্রান্ত হবার পরও তা আদায়ের সম্ভাবনা না থাকলে সে ঋণকে কু- ঋণ হিসেবে বিবেচনা করা যাবে।

**২। কু-ঋণ তহবিল গঠন:**

সদাবিক এর বিতরণকৃত ঋণের আদায়কৃত সেবামূল্যের নির্ধারিত অংশ (০.২৫%) দ্বারা কু-ঋণ তহবিল গঠিত হবে।

**৩। ঋণ গ্রহীতার ঋণ কু-ঋণ হিসেবে চিহ্নিতকরণ:**

ঋণ গ্রহীতার ঋণ নিম্নোক্তভাবে কু ঋণ হিসেবে বিবেচনা করা যাবেঃ

ক. ঋণ গ্রহীতার মৃত্যু পর তার ঋণ পরিশোধে সক্ষম কোন ওয়ারিশ না থাকলে;

খ. ঋণ গ্রহীতা প্রাকৃতিক দুর্যোগ যেমন নদীভাঙ্গন, উপর্যুপরি বন্যা, খরা ইত্যাদি কারণে নি:স্ব/ঋণ পরিশোধে অক্ষম হলে;

গ. প্রাকৃতিক বা অন্য কোন কারণে স্থায়ীভাবে এলাকা ত্যাগ করলে;

ঘ. দুর্ঘটনায় পঙ্গুত্ব বরণ, অগ্নিদগ্ধ বা প্রাণ ঘাতি কোন ব্যাধিতে আক্রান্ত হয়ে উপার্জন ক্ষমতা হারিয়ে ঋণ গ্রহীতা সদস্য/তার পরিবার ঋণ পরিশোধে অক্ষম হলে।

ঙ. ঋণ গ্রহীতা আদালত কর্তৃক দেওলিয়া ঘোষিত হলে।

**৪ কু-ঋণ যাচাই কমিটি:**

ক) উপপরিচালক, বিআরডিবি, সংশ্লিষ্ট জেলা দপ্তর - সভাপতি

খ) উপজেলা যুব উন্নয়ন অফিসার - সদস্য

গ) উপজেলা সমবায় অফিসার -সদস্য

ঘ) সহকারী পল্লী উন্নয়ন অফিসার/ জুনিয়ার অফিসার (হিসাব) -সদস্য

ঙ) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার - সদস্য সচিব

**৫। কু-ঋণ সমন্বয় পদ্ধতি:**

ক. ঋণ গ্রহীতা বা তাঁর মৃত্যুতে তার বৈধ ওয়ারিশানগণের ঋণ পরিশোধের আর্থিক সংগতি না থাকলে ৬০ (ষাট) দিনের মধ্যে ঋণ গ্রহীতা বা মৃতের ওয়ারিশানগণকে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বরাবর ঋণ মওকুফের আবেদন করতে হবে।

খ. আবেদনের সাথে যে সকল দলিল/রেকর্ডপত্র সংযোজন করতে হবে:

(১) সংশ্লিষ্ট দল কর্তৃক ঋণ গ্রহীতার জমাকৃত সঞ্চয় হতে বকেয়া ঋণের টাকা সমন্বয় করণের সিদ্ধান্ত সম্বলিত দলীয় সভার কার্যবিবরণীর সত্যায়িত অনুলিপি;

(২) ঋণ পরিশোধের বিবরণী (গৃহীত ঋণ, পরিশোধিত আসল ও সুদ, বকেয়া আসল ও সুদ, সঞ্চয় জমা);

(৩) সংশ্লিষ্ট দলের সভাপতি/ ম্যানেজার কর্তৃক ঋণ গ্রহীতার ঋণ কুঋণ হতে সমন্বয়ের আবেদন;

(৪) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক মৃত্যু সনদসহ ওয়ারিশগণের ঋণ পরিশোধের অক্ষমতাজনিত সনদ;

(৫) অগ্নিদগ্ধ, পঙ্গুত্বের এবং প্রাণ ঘাতি ব্যাধির বিষয়ে বিশেষজ্ঞ চিকিৎসকের সনদ পত্র;

আবেদনপত্র প্রাপ্তির পর উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কু-ঋণ হিসাবে চিহ্নিত কারণসমূহ সরেজমিনে যাচাই পূর্বক ঋণ সমন্বয়ের যথার্থতা থাকলে সদস্যের জমাকৃত সঞ্চয় হতে ঋণ সমন্বয়পূর্বক অবশিষ্ট ঋণ কুঋণ তহবিল হতে সমন্বয়ের জন্য কু-ঋণ যাচাই কমিটির সভায় প্রস্তাব আকারে উপস্থাপন করবেন।

কু-ঋণ যাচাই কমিটির সুপারিশের প্রেক্ষিতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা পযন্ত উপপরিচালক এবং এর বেশী হলে সদর দপ্তরের অনুমোদনক্রমে উপপরিচালক কু ঋণ তহবিল হতে ঋণ সমন্বয়ের জন্য অফিস আদেশ জারী করবেন। অফিস আদেশের শর্তানুযায়ী উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কু ঋণ তহবিল হতে ঋণ সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করবেন এবং পত্রের মাধ্যমে সমন্বয়ের বিষয়টি সংশ্লিষ্ট ঋণী সদস্য বা তার ওয়ারিশগণকে অবহিত করবেন। আবেদনের তারিখ হতে ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে কুঋণ তহবিল হতে সমন্বয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, কু-ঋণ সমন্বয়ের ক্ষেত্রে অধিকতর পুরানো ঋণ'কে অগ্রাধিকার দিতে হবে।

**৬। কুঋণ সঞ্চিতি তহবিল-**

প্রত্যেক উপজেলায় ''কু-ঋণ সঞ্চিতি তহবিল" নামে একটি এসএনডি/এসটিডি ব্যাংক হিসাব থাকবে। তহবিলটি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/ জুনিয়র অফিসার (হিসাব) এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। সেবামূল্য খাতে ইউসিসিএ/কর্মসূচীর ব্যাংক হিসাবে টাকা জমা হওয়ার পর উক্ত হিসাব হতে সেবামূল্যের বিভাজন অনুযায়ী ০.২৫% টাকা "কু-ঋণ সঞ্চিতি হিসাবে" ০৭ (সাত) দিনের মধ্যে স্থানান্তর করতে হবে। কু-ঋণ তহবিলের একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ স্থানান্তর করতে হবে। কু-ঋণ তহবিলের একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ কোন সিডিউল ব্যাংকে লাভজনক হারে বৎসরভিত্তিক স্থায়ী আমানত হিসাবেসংরক্ষণ করতে হবে। এছাড়া প্রতিমাসে

অনুষ্ঠিত জেলা মাসিক সমন্বয় সভায় কু-ঋণ হিসাবে জমাকৃত টাকার হিসাব পর্যালোচনা করতে হবে। সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের অনুমতি ছাড়া এই হিসাব হতে কোন টাকা স্থানান্তর/ উত্তোলন করা যাবে না।

**৭। সংহতি তহবিলের ব্যবহার:**

সংহতি তহবিলে জমাকৃত অর্থ দ্বারা দলের আপদকালীন সহায়তাসহ কু-ঋণ সমন্বয় করা যাবে। প্রথমত সদস্যের জমাকৃত সঞ্চয় হতে ঋণ সমন্বয় করতে হবে। অবশিষ্ট ঋণ দলীয় সিদ্ধান্তের আলোকে সংহতি তহবিল হতে সমন্বয় করা যাবে। দলের ম্যানেজার/সভাপতি এবং সহকারী পল্লী উন্নয়ন অফিসার/হিসাবরক্ষকের যৌথ স্বাক্ষরে সংহতি তহবিলের হিসাব পরিচালিত হবে।

উপর্যুক্ত নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মো: মাহমুদুল হোসাইন খান
(যুগ্ম-সচিব)
পরিচালক (সরেজমিন)
ফোন: ৮১৮০০০৬

উপপরিচালক (সকল)
জেলা দপ্তর, বিআরডিবি।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫১২.১৮.০৭৪.১২. ৮৩৮৭

তারিখ: ১৮/০৭/২০১৯ খ্রি:

সদয় জ্ঞাতার্থে কার্যার্থে/অনুলিপি প্রেরণ করা হলো।

১। পরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/প্রশিক্ষণ), সদর দপ্তর, ঢাকা।
২। যুগ্মপরিচালক/প্রকল্প পরিচালক(সকল) , ----------------------, বিআরডিবি, ঢাকা।
৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
৪। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (সকল), বিআরডিবি ,উপজেলা---------------------------------------------জেলা।
৬। অফিস কপি।

মো: মাহমুদুল হোসাইন খান